S@ifur's

# Cambridge IELTS 16

## (General Training) Passage

Recent Bazar

**Saifur Rahman Khan**

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg.(EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
**Top Scorer** (740 > 99%) in **GMAT**

**Edition** ➢ **2025**

**Published By** ➢ **S@ifur's Publication**

**Copyright ©** ➢ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোন অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত দণ্ডনীয় ]

## Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 64/15; 01613 43 20 16

**YouTube চ্যানেল :**
www.youtube.com/saifursofficial

S@ifur's-**এর বই পেতে :**
01713 43 20 15; 01613 43 20 16
**(10 am 5 pm)**

English **ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :**
www.saifursbooks.com

Recent Bazar

**Price: Tk. 200 (Fixed); US $ 5 only**

# Table of Contents

## Test-1


Section # 01 : Helping pupils to choose .... what some pupils say ......... 001
It's almost time for the next Ripton Festival ! .................. 008
Section # 02 : Reducing injuries on the farm .......... 015
: Good customer service in retail .......... 021
Section # 03 : Plastic is no longer fantastic .......... 028


## Test-2


Section # 01 : How to choose your builder .......... 048
: Island adventure activities .......... 054
Section # 02 : Barrington Music ...... Development Manager .......... 063
: Health and safety in small business .......... 069
Section # 03 : Jobs in ancient Egypt .......... 076


## Test-3


Section # 01 : Maps showing .... Town Hall .......... 089
: The Maplehampton scarecrow .... great success! .......... 094
Section # 02 : Qualities that make a great barista .......... 101
: Running a meeting .......... 108
Section # 03 : Feathers as decoration in European history .......... 113


## Test-4


Section # 01 : The best hiking boots .......... 134
Beekeeping workshop at Elm Farm .......... 141
Section # 02 : Should you pay someone to write your CV? .......... 146
Starting a new job .......... 151
Section # 03 : History of women's football in Britain .......... 157


Recent Bazar

# উপকারী পরামর্শ

এই বইটা

৩-বার খতম দাও,

মনে একটা শান্তি আসবে,

তৃপ্তি পাবে !

Recent Bazar

**Saifur Rahman Khan:**

01819 20 29 89 (WhatsApp)

# রিডিং Test # 1

## Section # 01

### Step # 1

প্রদত্ত Text-এর title-টা মন দিয়ে পড়লাম:

***Helping pupils to choose optional subjects when***

[স্কুলের শিক্ষার্থীদেরকে সাহায্য করা ঐচ্ছিক বিষয়গুলো বেছে নেয়ার ব্যাপারে যখন

***they're aged 14-15: what some pupils say***

তাদের বয়স (**14 – 15**): কয়েকজন শিক্ষার্থী কী বলে]

Title-টা পড়ে বোঝা গেল যে, বিভিন্ন optional তথা ঐচ্ছিক বিষয় সম্পর্কে স্কুলের শিক্ষার্থীদের অনুভূতি কী, মানে বিষয়গুলো সম্পর্কে তাদের opinions তথা মতামতগুলো text-টিতে তুলে ধরা হয়েছে।

### Step # 2

পরের page-এ সরাসরি প্রশ্নে যেয়ে (**1 – 6**)-এ কতগুলো statements পেলাম। Statement-গুলো আগের page-এ দেয়া text-এর (**A – E**)-এর কোন্ কোন্টির জন্য প্রযোজ্য, তা বের করতে হবে।

যেহেতু এই ধরনের প্রশ্নের উত্তরগুলো পর পর serially পাওয়া যায় না, আবার একসঙ্গে প্রশ্নের সবগুলো বক্তব্য পড়ে ফেললে এতগুলো তথ্য মাথায় থাকবে না, তাই প্রথম ৩-টা statements (**1 – 3**) মন দিয়ে পড়লাম:

**01.** *This pupil is interested in the subject despite the way it is taught.* (= এই শিক্ষার্থী বিষয়টির প্রতি আগ্রহী এটা যেভাবে শেখানো হয় তা সত্ত্বেও। তার মানে, বিষয়টি শেখানোর পদ্ধতি শিক্ষার্থীর পছন্দ না হলেও সে বিষয়টির প্রতি আগ্রহী।)

দ্যাট্ = যেটা

**02.** *This pupil is hoping to have a career that makes use of the subject.* (= এই শিক্ষার্থী এমন একটি ক্ষেত্রে ক্যারিয়ার গড়ার আশা করে যেটা বিষয়টির জ্ঞানকে কাজে লাগায়, মানে বিষয়টি অধ্যয়ন করে সে যা শিখবে সেই জ্ঞানটাকে সে তার *career*-এ কাজে লাগাতে পারবে।)

**03.** *This pupil finds the subject harder than they expected.* (= এই শিক্ষার্থী বিষয়টিকে অধিকতর কঠিন হিসেবে পায় যেমনটা সে প্রত্যাশা করেছিলো তার চেয়ে।)

Recent Bazar

**Step # 3**

দ্রুত text-এ ফেরত যেয়ে **(A)**-এর শুরু থেকে মন দিয়ে পড়লাম:

*I'm studying Spanish, because it's important to learn foreign languages – and I'm very pleased when I can watch a video in class and understand it.* (অর্থাৎ, আমি *Spanish* ভাষা অধ্যয়ন করছি, কারণ বিদেশি ভাষা শেখাটা হলো গুরুত্বপূর্ণ – এবং আমি খুব খুশি হই যখন আমি ক্লাসে একটি ভিডিও দেখতে পারি এবং এটা বুঝতে পারি।)

পরের বাক্যটাও মন দিয়ে পড়লাম: পুশ্ = ধাক্কা দেয়া

*Mr Peckharn really pushes us, and offers us extra assignments, to help us improve. That's good for me, because otherwise I'd be quite lazy.* (Mr Peckharn আসলেই আমাদেরকে দিয়ে কঠোর পরিশ্রম করান, এবং আমাদেরকে অতিরিক্ত কাজ দেন, আমাদেরকে উন্নতি করতে সাহায্য করতে। সেটা আমার জন্য ভালো, কারণ অন্যথায় আমি বেশ অলস হয়ে পড়তাম।)

**শব্দের অর্থ**

| | | | |
|---|---|---|---|
| ***push*** | (পুশ্) ***xyz*** | = | *xyz*-কে দিয়ে কঠোর পরিশ্রম করানো বা খাটানো । |
| ***otherwise*** | (আদার্ওআইয্) | = | অন্যথায় । |

তার মানে, **(A)**-এর শিক্ষার্থী *Krishnan* তার *Spanish* লেসনের *challenging* অর্থাৎ, কঠিন পরিশ্রমের বিষয়টিকে *appreciate* করে, মানে সে এর গুরুত্বকে উপলব্ধি করে।

Recent Bazar

**Step # 4**

দ্রুত প্রশ্নে যেয়ে **(1 – 3)**-এর information-গুলোর সঙ্গে মিলিয়ে দেখলাম **A**-এর উপরের কথাগুলো **(1 – 3)**-এর কোনোটার সঙ্গেই match করছে না, তাই প্রশ্নের পরের বক্তব্যগুলো মন দিয়ে পড়ে **5**-এ পেলাম:

**05.** *This pupil appreciates the benefit of doing challenging work.*
(= এই শিক্ষার্থী *challenging* তথা কঠিন কাজ করার উপকারিতাকে উপলব্ধি করে।)

তার মানে, বোঝাই যাচ্ছে **5**-এর উত্তর হবে: **(A)**।

{ " এখানে দুটো বাক্যকে যোগ করা হয়েছে ***and'*** দিয়ে " }

**Step # 5**

Text-এ ফেরত যেয়ে এবার **(B)**-এর শুরু থেকে মন দিয়ে পড়লাম:

ফ্যাসিনেইটিঙ্ = চমৎকার

*History is my favourite subject, and it's fascinating to see how what we learn about the past is relevant to what's going on in the world now.* (*History* আমার প্রিয় বিষয়, এবং এটা দেখা চমৎকার যে আমরা অতীত সম্পর্কে যা জানি সেটা কীভাবে বর্তমানে বিশ্বে যা ঘটছে তার সঙ্গে *relevant* তথা প্রাসঙ্গিক।)

তার মানে, *Lucy* ইতিহাসকে একটি মজার *subject* হিসেবে দেখে, কারণ *History* অধ্যয়ন করে সে অতীত এবং বর্তমান এদুটো কীভাবে একটি অন্যটির সঙ্গে *connected* তথা সম্পর্কযুক্ত, তা বুঝতে পেরেছে।

সমার্থক

**Step # 6**

প্রশ্নের information-গুলোতে দ্রুত চোখ বুলিয়ে একদম শেষ statement-টিতে পেলাম:

**06.** *This pupil has realised the connection between two things.*
(এই শিক্ষার্থী দুটি জিনিসের মধ্যে সংযোগ উপলব্ধি করেছে।)

পরিষ্কার বোঝাই যাচ্ছে, **6**-এর উত্তর হবে: **(B)**।

**Step # 7**

যেহেতু প্রশ্নে বলা হয়েছে: *You may use any letter more than once*, অর্থাৎ, একই para-তে দুটি উত্তরও থাকতে পারে, তাই **(B)**-এর পরের লাইনগুলোও মন দিয়ে পড়লাম:

*It's made me understand much more about politics, for instance.* [উদাহরণস্বরূপ, এটা (তার মানে, ইতিহাস অধ্যয়ন করাটা) আমাকে *politics* তথা রাজনীতি সম্পর্কে আরো অনেক কিছু বুঝিয়েছে, মানে ইতিহাস নিয়ে পড়ার কারণে আমি রাজনীতি সম্পর্কে অনেক কিছু বুঝতে পেরেছি।]

Recent Bazar

*My plan is to study history at university, and maybe <u>go into the diplomatic service</u>, so I can <u>apply</u> a knowledge of <u>history</u>.* [আমার পরিকল্পনা হচ্ছে বিশ্ববিদ্যালয়ে ইতিহাস অধ্যয়ন করা, এবং সম্ভবত *diplomatic* তথা কূটনৈতিক পেশায় যোগদান করে ক্যারিয়ার গড়া, যাতে করে আমি ইতিহাসের জ্ঞানকে (কূটনৈতিক পেশায়) *apply* করতে পারি।]

সমার্থক সমার্থক

**শব্দের অর্থ**

***go into*** (গোউ্ ইনটু) *xyz* = *xyz* পেশায় যোগ দেয়া এটাকে *career* হিসেবে নেয়ার উদ্দেশ্যে।

তার মানে, *Lucy* বিশ্ববিদ্যালয়ে ইতিহাস নিয়ে পড়তে চায়, কারণ সে কূটনৈতিক *field*-এ ক্যারিয়ার গড়তে চায় যেখানে সে তার ইতিহাসের জ্ঞানকে *apply* করতে পারবে।

সমার্থক

**Step # 8**

দ্রুত প্রশ্নে যেয়ে মন দিয়ে পড়ে বুঝলাম **2**-এর information-টা উপরে বর্ণিত **(B)**-এর বক্তব্যের সঙ্গে match করে:

**02.** *This pupil is hoping to <u>have a career</u> that <u>makes use of</u> the <u>subject</u>.* (এই শিক্ষার্থী এমন একটি ক্ষেত্রে ক্যারিয়ার গড়ার আশা করে যেখানে সে যে *subject* বা বিষয়ে পড়াশোনা করেছে, তার জ্ঞানকে কাজে লাগাতে পারবে।)

পরিষ্কার বোঝাই যাচ্ছে যে, **2**-এর উত্তরও হবে: **(B)**।

Recent Bazar

**Step # 9**

Text-এ ফেরত যেয়ে এবার **(C)**-এর শুরু থেকে মন দিয়ে পড়লাম:

*Thursdays are my favourite days, because that's when we have computing.* (*Thursdays* অর্থাৎ, বৃহস্পতিবারের দিনগুলো হচ্ছে আমার প্রিয় দিন, কারণ সেটা হচ্ছে ঐ দিন যখন আমাদের *computing* অর্থাৎ, কম্পিউটারের লেসন থাকে।)

হাই স্পট্ = কোনোকিছুর সবচেয়ে মজার বা সেরা অংশ

*It's the <u>high spot</u> of the week for me – I love learning how to program.* (আমার জন্য সপ্তাহের সবচেয়ে সেরা অংশ হলো এটা – আমি পছন্দ করি কীভাবে প্রোগ্রামিং করতে হয় তা শিখতে।)

{ " এই বাক্যের ঘটনাটার যেন তোমার জীবনে ঘটেছে – এমন চিন্তা করে পড়ো " }

পরের বাক্যটাও মন দিয়ে পড়লাম:

*I began when I was about eight, so when I started doing it at school, I didn't think I'd have any problem with it, but I was quite wrong!* (আমি শুরু করেছিলাম যখন আমার বয়স ছিল প্রায় আট, কাজেই যখন আমি স্কুলে এটা করা আরম্ভ করেছিলাম, আমি মনে করি নাই যে আমার এটা নিয়ে কোনো সমস্যা হবে, কিন্তু আমি পুরোপুরি ভুল ছিলাম!)

তার মানে, *Mark* মনে করেছিলো যে তার *computing*-এর লেসনগুলো সহজ হবে, কিন্তু বাস্তবে তার ধারণা পুরোপুরি ভুল বলে প্রমাণিত হলো। মানে, *computing*-কে সে যতটা সহজ ভেবেছিল, বাস্তবে আসলে ততটা সহজ ছিলো না, মানে বিষয়টি তার প্রত্যাশার চেয়ে *hard* তথা কঠিন ছিলো।

**উপরের কথাটা ঘুরিয়ে # 3-এ বলা হলো**

## Step # 10

দ্রুত প্রশ্নে যেয়ে মন দিয়ে পড়ে বুঝলাম **3**-এর information-টাই উপরে বর্ণিত **(C)**-এর বক্তব্যের সঙ্গে match করে:

{ **03.** *This pupil finds the subject harder than they expected.* }

(= এই শিক্ষার্থী বিষয়টিকে অধিকতর কঠিন হিসেবে পায় যেমনটা সে প্রত্যাশা করেছিলো তার চেয়ে।)

অতএব, **3**-এর উত্তর হবে: **(C)**।

## Step # 11

Text-এ ফেরত এবার **(D)**-এর শুরু থেকে মন দিয়ে পড়লাম:

*My parents both work in leisure and tourism,*
(আমার মা-বাবা উভয়েই অবসর ও পর্যটন সেক্টরে কাজ করে,)

পরের ২/৩ লাইনও মন দিয়ে পড়লাম: নলেযেইব্‌ল্ = কোনো বিষয়ে প্রচুর জানে এমন

*I find it fascinating, I'm studying it at school, and the teacher is very knowledgeable,* (আমি পাই এটাকেই চিত্তাকর্ষক, আমি স্কুলে এটা অধ্যয়ন করছি, এবং শিক্ষকটি খুবই *knowledgeable*, মানে তিনি এ বিষয়ে প্রচুর জানেন,)

Recent Bazar

*though I think we <u>spend too much time listening to her</u>: I'd like to meet more people working in the sector, and learn from their experience.* (যদিও আমি মনে করি আমাদের তার কথা শুনে, মানে শিক্ষকের লেকচার শুনে অনেক বেশি সময় ব্যয় হয়: আমি চাই এই সেক্টরে কর্মরত আরো মানুষের সঙ্গে দেখা করতে, এবং তাদের অভিজ্ঞতা থেকে শিখতে।)

তার মানে, **(D)**-এর শিক্ষার্থী *Violeta* তার *subject*-কে বেশ চমৎকার একটি *subject* হিসেবে মনে করে, যদিও *subject*-টা পড়ানোর পদ্ধতি তার পছন্দ নয়, কারণ তাদেরকে অনেক বেশি সময় ধরে শিক্ষকের *lecture* শুনতে হয়।

সমার্থক

## Step # 12

প্রশ্নের **1** এবং **4** এই দুটো বক্তব্য বাকি আছে। একদম প্রথম অর্থাৎ, **1**-এর বক্তব্যে **(D)**-এর উপরের কথারই প্রতিধ্বনি শোনা যায়:

**01.** *This pupil is interested in the subject despite <u>the way it is taught</u>.* (এই শিক্ষার্থী বিষয়টির প্রতি আগ্রহী এটা যেভাবে শেখানো হয় তা সত্ত্বেও। তার মানে, বিষয়টি শেখানোর পদ্ধতি শিক্ষার্থীর পছন্দ না হলেও সে বিষয়টির প্রতি আগ্রহী।)

অতএব, **1**-এর উত্তর হবে: **(D)**।

## Step # 13

কীন্ = খুব আগ্রহী

Passage-এ ফেরত যেয়ে এবার **(E)**-এর শুরু থেকে মন দিয়ে পড়লাম:

*I've always been keen on art, so I chose it as an optional subject, though I was afraid the lessons might be a bit dull.* (আমি *art* তথা চিত্রশিল্পের প্রতি সবসময় খুবই আগ্রহী, কাজেই আমি এটাকে *optional* তথা ঐচ্ছিক বিষয় বেছে নিয়েছিলাম, যদিও আমার ভয় ছিলো যে লেসনগুলো হয়তো একটু *dull* বা একঘেয়েমিপূর্ণ হতে পারে।)

বিষয়বস্তু সম্পর্কে আরো পরিষ্কার ধারণা পাওয়ার জন্য পরের দুটো বাক্যও দ্রুত মন দিয়ে পড়ে ফেললাম:

*I needn't have worried, though – our teacher gets us to do lots of fun things, so there's no risk of getting bored.* (আমার দুশ্চিন্তা করার প্রয়োজন হয় নি, যদিও – আমাদের শিক্ষক আমাদেরকে দিয়ে প্রচুর মজার মজার জিনিস করান, কাজেই *bored* তথা একঘেয়েমির কারণে বিরক্ত হওয়ার কোনো ঝুঁকি নেই।)

Recent Bazar

*At the end of the year the class puts on an exhibition for the school, and I'm looking forward to showing some of my work to other people.* (বৎসরের শেষে ক্লাসটি স্কুলের জন্যে একটি *exhibition* তথা প্রদর্শনীর আয়োজন করে, এবং আমি আমার চিত্রকর্মের কিছু কাজ অন্য মানুষদেরকে দেখানোর প্রত্যাশা করছি।)

উপরের লাইনগুলো থেকে পরিষ্কার বোঝা গেল, **(E)**-এর শিক্ষার্থী তার *subject*-এর লেসনগুলোকে খুব *enjoy* করে।

**শব্দের অর্থ**

***put on xyz*** = *xyz*-এর আয়োজন করা।
***look forward to xyz*** = *xyz*-এর জন্য অধীর আগ্রহে অপেক্ষা করা।




ছবি: ***exhibition work***

**Step # 14**

প্রশ্নের **(4)**-নং statement-টা মন দিয়ে পড়লাম:

**04.** *This pupil finds the lessons very entertaining.*

তার মানে, বোঝাই যাচ্ছে **4**-এর উত্তর হবে: **(E)**।